18.6.2020

৬। দু / তিনটি বাক্যে উত্তর দাও :

**৬.১ ''মৌমাছি, মৌমাছি / কোথা যাও নাচি নাচি''- মৌমাছি নেচে নেচে কোথায় যাচ্ছে? তাঁর সেখানে যাবার কারণ কী? তাঁর দাঁড়াবার সময় নেই কেন?**

উ:- মৌমাছি নেচে নেচে ফুলের বনে যাচ্ছে ।

** তাঁর সেখানে যাবার কারণ মধু সংগ্রহ করা।

*** তাঁর দাঁড়াবার সময় নেই কারণ বনে ফুল ফুটেছে তাকে ফুল থেকে নেকটার এবং পরাগ সংগ্রহ করে মধু থলিতে রাখতে হবে।

**৬.২ ছোটো পাখি কীভাবে ডাকে? ছোটো পাখির কথা বলার সময় নেই কেন?**

উ:- ছোটো পাখি কিচিমিচি করে ডাকে।

** ছোটো পাখির কথা বলার সময় নেই কারণ সে তৃণলতা সংগ্রহ করে এনেছে বাসা বুনবে বলে।

**৬.৩ পিপীলিকা কোন্ সময়ের জন্য খাদ্য সংগ্রহে যাচ্ছে? সে কেন এই সময়ের জন্য খাদ্য সংগ্রহে যাচ্ছে।**

উ:- পিপীলিকা শীতকালের জন্য খাদ্য সংগ্রহে যাচ্ছে।

** কারণ শীত ঋতুর আগমন হলে পিপীলিকার রোজ খাবার সংগ্রহ করা খুবই কষ্টকর।

**৬.৪। 'কাজের লোক' এই কবিতায় ক্ষুদ্র প্রাণীরা মানুষদের কী বোঝাতে চাইছে?**

উ:- 'কাজের লোক' কবিতায় ক্ষুদ্র প্রাণীরা মানুষদের বলতে চাইছে যে সময় খুব মূল্যবান। অহেতুক সময় নষ্ট করা উচিত নয়। সময়ের কাজ সময়ে করলে জীবন সুখের হয়।

**৬.৫। মৌমছি আমাদের কী উপকার করে?**

উ:- মৌমাছি ফুলের বনে গিয়ে মধু আহরণ করে। মৌচাক থেকে আমরা মধু ও মোম পেয়ে থাকি। মৌমাছির মধু খুবই পুষ্টিকর।

Scanned with CamScanner